ভোরের কাগজ

তারিখ ... 05 AUG ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২

### শিক্ষা সংগ্রাম কমিটির সমাবেশে ভিসি'র ঘোষণা

# ১৯ আগস্ট ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার তারিখ দেয়া হবে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদকঃ** আগামী ১৯ আগস্ট ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার সুনির্দিষ্ট তারিখ জানানো হবে।

গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞা বিশ্ববিদ্যালয় শিক্ষা সংগ্রাম কমিটির এক সমাবেশে এ ঘোষণা দেন।

গতকাল সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা সংগ্রাম কমিটি অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবিতে উপাচার্যের কার্যালয় ঘেরাও করে। এ সময় উপাচার্যের কার্যালয়ের সামনে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন সেলিম রেজা নিউটন। তিনি তীব্র ক্ষোভের সঙ্গে বলেন, জাতীয় সংসদের সাংসদরা সন্ত্রাস প্রশ্নে কোনো জরুরি ঐকমত্যে উপনীত হতে ব্যর্থ হয়েছেন। তিনি দুই নেত্রীকে অবিলম্বে বৈঠকে বসে সন্ত্রাসের রাজনৈতিক সমাধান খুঁজে বের করার দাবি জানান। পরে তিনি উপাচার্যকে উদ্দেশ্য করে লেখা স্মারকলিপি পড়ে শোনান। এই সময় উপাচার্য তাঁর কার্যালয় থেকে বেরিয়ে আসেন এবং ছাত্রদের সঙ্গে দাঁড়িয়ে স্মারকলিপিতে লেখা বক্তব্য শোনেন।

স্মারকলিপিতে বলা হয়, বার বার বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে যাওয়ায় সারা জাতি ও বিশ্বের কাছে আমাদের প্রিয় বিশ্ববিদ্যালয়ের গৌরব ম্লান হয়ে পড়েছে। অন্যদিকে হাজার হাজার ছাত্রছাত্রীর শিক্ষাজীবনে নেমে এসেছে অন্ধকার।

এরপর উপাচার্যের সঙ্গে উপস্থিত ছাত্রছাত্রীদের এক খোলামেলা আলোচনা হয়। ছাত্রছাত্রীদের পক্ষ থেকে বলা হয়, বিশ্ববিদ্যালয় বন্ধ করে কখনো সন্ত্রাস বন্ধ করা যায় না। তারা উপাচার্যকে বলেন, আপনি বিশ্ববিদ্যালয় খুলে দিন, ক্যাম্পাসে শান্তি-শৃংখলা রক্ষার দায়-দায়িত্ব পুলিশের। এ সময় উপাচার্য বলেন, তিনি বিভিন্ন মহলের সঙ্গে আলোচনা করে সন্ত্রাসের বিরুদ্ধে জনমত গড়ে তুলতে চান। এভাবে একটি সুষ্ঠু পরিবেশ গড়ে ওঠার পরই তিনি বিশ্ববিদ্যালয় খুলে দেবেন বলে অভিমত ব্যক্ত করেন। তিনি জোর দিয়ে বলেন, বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার পর খোলা রাখার প্রক্রিয়া যেন আবার বিঘ্নিত না হয় সে দিকটাও ভেবে দেখতে হবে। এ সময় ছাত্রছাত্রীদের পক্ষ থেকে বলা হয়, বিশ্ববিদ্যালয় খোলা রেখেই উপাচার্যকে বিভিন্ন মহলের সঙ্গে আলোচনা করতে হবে।

এরপর উপস্থিত দেড়শ' ছাত্রছাত্রীর ক্রমাগত বিক্ষোভ ও চাপের মুখে উপাচার্য বলেন; আগামী কয়েকদিনের মধ্যে তিনি অভিভাবক সমিতির সঙ্গে বৈঠক ও ঢাকা বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলের বৈঠক অনুষ্ঠিত করে ১৯ আগস্ট বিশ্ববিদ্যালয় খোলার তারিখ ঘোষণা করবেন।

উপাচার্য কার্যালয় ঘেরাও এর আগে ও পরে ছাত্রদের বিক্ষোভ মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে।